

নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০০৭.১৮.১৭

তারিখ: ১৫ মাঘ ১৪২৯

২৯ জানুয়ারি ২০২৩

প্রাপক:

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: “খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো ও একাডেমিক কার্যক্রম সম্প্রসারণ”
শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ বছর মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত।

সূত্র: বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের পত্র নং-২১.০০.০০০০.১৫৪.১৪.০৭২.১৮/১৩৬, তারিখ: ০/০১/২০২৩

স্থি:

আমি, নিম্নস্বাক্ষরকারী, নির্দেশক্রমে অক্টোবর ২০১৮ থেকে সেপ্টেম্বর ২০২২ মেয়াদে ৮৩৮৩৬.৯৮ লক্ষ (আটশত আটত্রিশ কোটি ছত্রিশ লক্ষ আটানব্বই হাজার) টাকা (সম্পূর্ণই জিওবি) প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নাধীন “খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো ও একাডেমিক কার্যক্রম সম্প্রসারণ” শীর্ষক প্রকল্পটির ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ (এক) বছর অর্থাৎ অক্টোবর ২০১৮ থেকে সেপ্টেম্বর ২০২৩ পর্যন্ত বৃদ্ধির প্রশাসনিক অনুমোদন নিম্নোক্ত শর্তে জ্ঞাপন করছি:

শর্তাবলী:


(ক) পিডব্লিউডি রোট শিডিউল, ২০২২ অনুযায়ী এবং প্রকল্প সমাপ্ত করতে বাস্তবতার নিরীখে যে সময়ের প্রয়োজন তা প্রতিফলন করে দ্রুততম সময়ের মধ্যে ডিপিপি সংশোধনের কাজ সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে সংশোধনের সময় প্রয়োজনের অতিরিক্ত সময় বৃদ্ধি পরিহার করতে হবে এবং অবশিষ্ট অঙ্গগুলোর দরপত্র আহ্বান করে দ্রুত কাজ শুরু করার ব্যবস্থা করতে হবে। বর্ধিত মেয়াদে প্রকল্পের সকল প্যাকেজের কাজ সম্পন্ন করার নিমিত্ত প্রকল্প কর্তৃপক্ষ কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন;

(খ) প্রস্তাবিত বর্ধিত মেয়াদ এর মধ্যে প্রকল্পের কার্যক্রম সমাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের অনুকূলে পর্যাপ্ত অর্থ বরাদ্দ নিশ্চিতকরণসহ নির্মাণ কাজের কাঙ্ক্ষিত গতি ও গুণগতমান বজায় রাখতে প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে তদারকি করতে হবে;

(গ) সরেজমিন পরিদর্শনে কাজের কিছুটা ধীরগতি পরিলক্ষিত হয়েছে। নির্মাণ সাইটে কর্মরত শ্রমিক সংখ্যা অপ্রতুল। প্রকল্প পরিচালককে ঠিকাদার প্রতিষ্ঠানের যন্ত্রপাতি, মালামাল ও লোকবলের মবিলাইজেশন বৃদ্ধির জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এক্ষেত্রে কোন গাফিলতি পরিলক্ষিত হলে ঠিকাদার প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

- (ঘ) প্রকল্পে বৈজ্ঞানিক ও ল্যাব যন্ত্রপাতি ক্রয়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত প্যাকেজ বিভক্ত করায় পরিকল্পনা শৃংখলার যে ব্যত্যয় হয়েছে তা খতিয়ে দেখে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে ৩০.০১.২০২৩ তারিখের মধ্যে আইএমইডি কে অবহিত করতে হবে। ভবিষ্যতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত প্যাকেজ বিভক্ত না করার পরামর্শ দেয়া হলো;
- (ঙ) প্রকল্পে চারটি বিভাগের জন্য যে বই ও জার্নাল কেনা হবে সেগুলো মানসম্মত হতে হবে। নিম্নমানের কাগজে অস্পষ্ট ছাপা- এরূপ বই না কেনার পরামর্শ দেয়া হলো;
- (চ) ভবন নির্মাণ ছাড়াও প্রকল্পের অন্যান্য উদ্দেশ্যগুলো অর্জনের বিষয়ে বাস্তবায়নকারী সংস্থা ও প্রকল্প পরিচালককে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (ছ) ভবন নির্মাণ শেষ হওয়ার অনতিবিলম্বে স্পেসিফিকেশন অনুযায়ী আসবাবপত্র, বই ও জার্নাল ইত্যাদি সরবরাহ নিশ্চিত করতে হবে এবং সনাক্তকরণের লক্ষ্যে অমোচনীয় কালি দিয়ে প্রকল্পের নামকরণ করতে হবে; এবং
- (জ) প্রতিবেদনের সুপারিশ "ক-ছ" এর আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে গৃহীত ব্যবস্থাদি সম্পর্কে আগামী ০১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

...



১৯-১-২০২৩

আসমা নাসরীন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ইমেইল:

planning.sec4@shed.gov.bd


নম্বর: ৩৭.০০.০০০০.১২৪.১৪.০০৭.১৮.১৭/১(১০)

তারিখ: ১৫ মাঘ ১৪২৯

২৯ জানুয়ারি ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫) চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৬) উপাচার্য, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা।
- ৭) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮) প্রকল্প পরিচালক, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অবকাঠামো ও একাডেমিক কার্যক্রম সম্প্রসারণ, খুলনা।
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



১৯-১-২০২৩

আসমা নাসরীন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)